

চাকা বিশ্ববিদ্যালয়

## মাস্টার্স শেষ হলেই ছাড়তে হবে হল, সময় ১৫ দিন


নিজস্ব প্রতিবেদক, ঢাকা

১০ অক্টোবর ২০১৯, ০১:১৯

আপডেট: ১০ অক্টোবর ২০১৯, ০১:২০

ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স পরীক্ষা সমাপ্ত হওয়ার ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে হল ছাড়তে হবে। এরপর কোনো ক্রমেই তাঁরা হলে অবস্থান করতে পারবেন না। বুধবার সন্ধিয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোষ্ট কমিটির এক সভায় এই সিদ্ধান্ত হয়। পরে সংবাদ বিজ্ঞপ্তিতে সিদ্ধান্তের কথা জানানো হয়।

উপাচার্য ভবনে অনুষ্ঠিত সভায় সভাপতিত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান। সভায় আরও সিদ্ধান্ত হয়, হল প্রশাসন প্রথম বর্ষে ভর্তি হওয়া শিক্ষার্থীদের মেধার ভিত্তিতে শূন্য আসনে সিট বরাদ্দ করবে। কোনো শিক্ষার্থী হল প্রশাসনের অনুমতি ছাড়া হলে উঠতে ও অবস্থান করতে পারবেন না। কেউ এর ব্যত্যয় ঘটালে তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।



হলের যেসব কক্ষে অধিক সংখ্যক শিক্ষার্থী অবস্থান করেন, সেখানে 'বাংক বেড' (দোতলা বিছানা) স্থাপনের সন্তান্যতা যাচাইয়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বিশেষজ্ঞদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে। এ ছাড়া শিক্ষার্থীদের পড়ার সুবিধার্থে কেন্দ্রীয় লাইব্রেরির সময়সীমা ইতিমধ্যে রাত নয়টা পর্যন্ত বাড়ানো হয়েছে। প্রয়োজনে কেন্দ্রীয় লাইব্রেরির সময়সীমা আরও বৃদ্ধি এবং বিভাগীয় সেমিনার লাইব্রেরির সময়সীমা ও বাড়ানোর বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বা হলগুলোতে কোনো মাদকসেবী, মাদক কারবারি, মাদকাসক্ত ও সন্ত্রাসী অবস্থানের সুনির্দিষ্ট তথ্য জানা থাকলে, তা অনতিবিলম্বে সংশ্লিষ্ট হলের প্রভোষ্ট ও বিশ্ববিদ্যালয়ের প্রষ্টরকে জানাতে শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সবার প্রতি অনুরোধ জানানো হয়।

সভায় বুয়েটের মেধাবী ছাত্র আবরার ফাহাদের নির্মম হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানিয়ে এই হত্যাকাণ্ডে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করা হয়।